# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## স্নাতক (সম্মান/ইঞ্জিঃ) ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি নির্দেশিকা, শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

**Website: https://admission.sust.edu**

**১. আসন সংখ্যাঃ**

ভর্তি পরীক্ষা ইউনিট ভিত্তিক অনুষ্ঠিত হবে। A এবং B ইউনিটে বিভক্ত বিভাগসমূহ এবং প্রতি বিভাগে আসন সংখ্যা নিচে উল্লেখ করা হলোঃ

**১.১ A ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান + মানবিক + বাণিজ্য):**

| বিভাগ | আসন সংখ্যা | বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| অর্থনীতি (ECO) | ৪০ + ২০ + ৬ = ৬৬ | সমাজকর্ম (SCW) | ২৫ + ৩৫ + ৬ = ৬৬ |
| সমাজবিজ্ঞান (SOC) | ৩০ + ৩০ + ৬ = ৬৬ | ব্যবসায় প্রশাসন (BUS) | ৩০ + ১০ + ৩৫ =৭৫ |
| পলিটিক্যাল স্টাডিজ (PSS) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | ইংরেজি (ENG) | ৩০ + ৩৫ + ৬= ৭১ |
| লোক প্রশাসন (PAD) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | বাংলা (BNG) | ৫ + ৬০ + ৬ = ৭১ |
| নৃ বিজ্ঞান (ANP) | ২০ + ৪০ + ৬ = ৬৬ | **মোট আসন সংখ্যা ২২০+৩১০+৮৩ = ৬১৩** | |

**১.২ B ইউনিটভুক্ত বিভাগসমূহ এবং আসন সংখ্যা (বিজ্ঞান):**

| Group | বিভাগ | আসন |
|---|---|---|
| Group 1 | পদার্থবিজ্ঞান (PHY) | ৬৫ |
| | রসায়ন (CHE) | ৬৫ |
| | গণিত (MAT) | ৮০ |
| | পরিসংখ্যান (STA) | ৮০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) | ১০০ |
| | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স (CEP) | ৫০ |
| | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE) | ৫০ |
| | সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (CEE) | ৫০ |
| | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) | ৫০ |
| | ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি (FET) | ৪০ |
| | পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME) | ৩৫ |
| | ভূগোল ও পরিবেশ (GEE) | ৫০ |
| | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (MEE) | ৩৫ |
| | সমুদ্রবিজ্ঞান (OCG) | ৩০ |
| | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং (SWE) | ৫০ |
| | জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (GEB) | ৩৫ |
| | বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (BMB) | ৪০ |
| | ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স (FES) | ৫৫ |
| Group 2 | আর্কিটেকচার (ARC) | ৩০ |
| | | **মোট আসন সংখ্যা ৯৬০+৩০=৯৯০** |

**১.৩** উপরে উল্লিখিত আসন ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তান (২৮ জন), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্তা/হরিজন-দলিত (২৮ জন), প্রতিবন্ধী (১৪ জন), চা শ্রমিক (০৪ জন), পোষ্য (২০ জন) এবং বিকেএসপি কোটায় (৬ জন) সর্বমোট ১০০ টি আসন সংরক্ষিত রয়েছে।

**১.৪** আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড, আন্তর্জাতিক ইনফরমেটিক্স অলিম্পিয়াড, আন্তর্জাতিক পদার্থবিজ্ঞান অলিম্পিয়াড এবং অন্যান্য স্বীকৃত আন্তর্জাতিক অলিম্পিয়াডে স্বর্ণ, রৌপ্য অথবা ব্রোঞ্জ মেডেল প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষা ছাড়াই সংশ্লিষ্ট বিষয়ে ভর্তির সুযোগ পাবে। 'সংশ্লিষ্ট বিষয়' সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**২. ভর্তি পরীক্ষার জন্য যোগ্যতাঃ**

**২.১** ২০১৭ অথবা ২০১৮ সালে অনুষ্ঠিত এইচ.এস.সি (সাধারণ ও কারিগরি)/আলিম/ডিপ্লোমা-ইন-কমার্স/সমমান এবং ২০১৫ অথবা ২০১৬ সালে অনুষ্ঠিত এস.এস.সি (সাধারণ ও কারিগরি)/দাখিল বা সমমান পরীক্ষাতে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ২০১৩ অথবা ২০১৪ সালে অনুষ্ঠিত এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। যে সকল ছাত্র-ছাত্রী বিজ্ঞান শাখা থেকে এইচ.এস.সি বা সমমান পরীক্ষা পাশ করেছে তারা A ও B উভয় ইউনিটেই এবং অন্যেরা শুধু A ইউনিটে আবেদন করতে পারবে। A ইউনিটে আবেদন করার জন্যে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট **6.5** থাকতে হবে। B ইউনিটে আবেদন করার জন্যে এইচ.এস.সি/সমমান ও এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম GPA 3.0 সহ মোট **7.0** থাকতে হবে এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় গণিতে ন্যূনতম GPA 3.5 (A লেভেলের ক্ষেত্রে B গ্রেড) থাকতে হবে।

**২.২** GCE এর ক্ষেত্রে আই.জি.সি.এস.ই (O লেভেল) তে কমপক্ষে ৩টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং আই.এ.এল (A লেভেল) তে কমপক্ষে ২টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে।

**৩. বিষয়গত যোগ্যতাঃ**

একটি নির্দিষ্ট বিভাগে ভর্তি হওয়ার জন্যে সংশ্লিষ্ট বিষয়ে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম GPA 3.5 কিংবা A লেভেলে ন্যূনতম B গ্রেড থাকতে হবে।

| বিভাগ | সংশ্লিষ্ট বিষয় | বিভাগ | সংশ্লিষ্ট বিষয় |
|---|---|---|---|
| PHY, CSE, IPE, ARC, EEE, MEE, SWE | পদার্থবিজ্ঞান, গণিত | SOC, SCW, PSS, PAD, ANP | সমাজবিজ্ঞান বা পৌরনীতি বা যুক্তিবিদ্যা বা অর্থনীতি বা সমাজকল্যাণ বা বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি অথবা বাণিজ্য বা বিজ্ঞান শাখার যে কোন বিষয় |
| CEE, PME, OCG | পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত | ECO | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল বা ইংরেজি |
| CHE, CEP | রসায়ন, গণিত | BUS | অর্থনীতি বা গণিত বা পরিসংখ্যান বা ইংরেজি অথবা বিজ্ঞান বা বাণিজ্য শাখার যে কোন বিষয় |
| GEB, BMB, FET | জীববিজ্ঞান, রসায়ন, গণিত | ENG | ইংরেজি |
| MAT, STA | গণিত | BNG | বাংলা |
| GEE, FES | জীববিজ্ঞান, গণিত | | |

**৪. ভর্তি পরীক্ষার ইউনিট, বিভাগসমূহ, পরীক্ষার বিষয়, সময় এবং পরীক্ষার ফি :**

ছাত্র-ছাত্রীদের পছন্দের বিভাগগুলোতে ভর্তির জন্য রেজিস্ট্রেশনের সুবিধার্থে A ও B-ইউনিটের বিভাগসমূহকে নিম্নবর্ণিত সাব-ইউনিটসমূহে ভাগ করা হয়েছেঃ

| সাব-ইউনিট (কি-ওয়ার্ড) | | প্রযোজ্য বিভাগসমূহ | যে যে বিষয় পরীক্ষা দিতে হবে (নির্ধারিত নম্বর) | পরীক্ষার সময় | পরীক্ষার ফি (টাকা) |
|---|---|---|---|---|---|
| A | | A ইউনিট- এর সকল বিভাগ | বিজ্ঞান শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), পদার্থবিজ্ঞান (১০), রসায়ন (১০), গণিত/জীববিজ্ঞান (১০), বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | ৮৫০/- |
| | | | মানবিক শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), অর্থনীতি, পৌরনীতি, যুক্তিবিদ্যা, সমাজবিজ্ঞান, সমাজকল্যাণ, ইতিহাস এবং ইসলামের ইতিহাস সম্পর্কিত প্রশ্নাবলি, বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (৩০), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | |
| | | | বাণিজ্য শাখা: ইংরেজি (২০), বাংলা (১০), হিসাববিজ্ঞান, ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ (৩০), মাধ্যমিক পর্যায়ের সাধারণ গণিত (১০) | ১ ঘন্টা ৩০ মিনিট | |
| B | B1 | Group-1 এর সকল বিভাগ | ইংরেজি (১০), পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০) | ১ ঘন্টা ৩০ মিনিট | ৮৫০/- |
| | B2 | Group-1 এবং Group-2 এর সকল বিভাগ | ইংরেজি (১০), পদার্থবিজ্ঞান (২০), রসায়ন (২০), গণিত (২০), ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞান (৩০) | ১ ঘন্টা ৩০ মিনিট +১ ঘন্টা = ২ ঘন্টা ৩০ মিনিট | ৯৫০/- |

**৫. আবেদনের সময়সীমাঃ**

ভর্তি পরীক্ষার আবেদন ২রা সেপ্টেম্বর ২০১৮ থেকে ২৫ সেপ্টেম্বর (রাত ১২ টা) ২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র admission.sust.edu সাইটের মাধ্যমে করা যাবে।

**৬. ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া ও তথ্য প্রাপ্তি :**

এ সংক্রান্ত বিস্তারিত ম্যানুয়্যাল admission.sust.edu/applicationprocedure.pdf পেইজে পাওয়া যাবে। নিচে সংক্ষিপ্তভাবে উল্লেখ করা হল:

**৬.১** যদি কোন ছাত্র/ছাত্রী A ও B উভয় ইউনিটে পরীক্ষা দিতে চায় তবে তাকে উভয় ইউনিটে আলাদা আবেদন করতে হবে। সাব-ইউনিটগুলো এমনভাবে সাজানো হয়েছে যে, ***কোনো ইউনিটের একটি সাব-ইউনিটে আবেদন করলে ঐ ইউনিটের অন্য সাব-ইউনিটে আবেদন করা যাবে না।***

**৬.২** আবেদন করার জন্যে admission.sust.edu সাইটে গিয়ে এইচ.এস.সি এর পাশের সন, বোর্ড, রোল নম্বর এবং মোবাইল নম্বর (নিজের বা অভিভাবকের) দিয়ে sign up করলে প্রদত্ত মোবাইল নম্বরে User ID ও Password পাঠানো হবে। অতঃপর প্রদত্ত User ID ও Password দিয়ে উল্লিখিত সাইটে sign in করে এস.এস.সি এর রেজিস্ট্রেশন নম্বর, বোর্ড, রোল নম্বর, পাশের সন, জিপিএ, ৩০০x৪০০ পিক্সেলের অনুর্ধ 100 KB এর scanned ছবি এবং ইউনিট ও কোটা সংক্রান্ত তথ্য দিয়ে আবেদন করতে হবে। আবেদন সম্পন্ন হলে প্রার্থীকে একটি Bill/Reference Number এবং প্রদেয় টাকার পরিমাণ জানিয়ে দেওয়া হবে।

DBBL এর Rocket এর Bill Pay Service অথবা BRAC Bank Ltd. এর bKash এর Payment Service ব্যবহার করে উক্ত Bill/Reference Number দিয়ে উল্লেখিত টাকা ট্রান্সফার করতে হবে। এক্ষেত্রে Rocket এর জন্য Biller ID হিসাবে 291 এবং bKash এর জন্য Merchant Account No. হিসাবে 01711407388 ব্যবহার করতে হবে। পেমেন্ট সম্পন্ন হলে অনুর্ধ ২৪ ঘন্টার মধ্যে প্রার্থী-প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষার Roll Number জানিয়ে দেয়া হবে। প্রার্থীগণ User ID এবং Password ব্যবহার করে admission.sust.edu তে সাইন-ইন করেও তার ভর্তি পরীক্ষার Roll Number সহ অন্যান্য তথ্যাদি দেখতে পারবে।

**৬.৩** একাধিক ইউনিট এ পরীক্ষা দিতে হলে একই User ID ও Password ব্যবহার করে একই নিয়মে আবেদন করতে হবে। কোটায় আবেদনকারীগণ প্রতি ইউনিটের ক্ষেত্রে একটিমাত্র কোটা ব্যবহার করতে পারবেন। Ethnic Minority Quota (EMQ) আবেদনকারীগণকে জাতিগোষ্ঠী সংক্রান্ত তথ্যও দিতে হবে।

**৬.৪** Diploma in Engineering (DIE) এবং General Certificate of Education (GCE) এর আবেদনকারীগণকে admission.sust.edu সাইটে গিয়ে DIE এর রেজিস্ট্রেশন নম্বর/ A লেভেলের Candidate নম্বর, পাশের সন এবং মোবাইল নম্বর দিয়ে sign up করার পর সাইটের নির্দিষ্ট জায়গায় গিয়ে এস.এস.সি এর তথ্যসহ DIE/ A লেভেলের বিষয়ভিত্তিক গ্রেড দিতে হবে।

**৬.৫** SSC ও HSC এর তথ্যাদি দেওয়ার সময় প্রার্থীদের কে সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে। এক্ষেত্রে SSC এর GPA ও পাশের সন লিখতে ভুল হলে বা মিথ্যা তথ্য দিলে প্রার্থীর আবেদন/ভর্তি বাতিল হয়ে যাবে।

**৬.৬** একবার আবেদন সম্পন্ন হয়ে গেলে (Bill/Reference Number পাওয়ার পর) ছবি এবং কোন একাডেমিক তথ্য পরিবর্তন করা যাবে না। তবে পেমেন্ট সম্পন্ন হয়ে যাবার পর কোন প্রার্থী ইউনিট বা সাব-ইউনিট পরিবর্তন করতে চাইলে অতিরিক্ত সম্পূরক ফি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ২০০ টাকা ইউনিট-পরিবর্তন ফি দিতে হবে। উদাহরণ স্বরূপ, A বা B1 থেকে B2 তে পরিবর্তন করতে চাইলে (৯৫০-৮৫০) + ২০০=৩০০ টাকা দিতে হবে।

**৬.৭ প্রবেশপত্র প্রিন্ট:**

admission.sust.edu সাইটে sign in করে **প্রত্যেক ইউনিটের** জন্য ছাত্র-ছাত্রীদেরকে **২ (দুই) কপি প্রবেশপত্র** সাদা A4 সাইজ অফসেট কাগজে **রঙিন প্রিন্ট** নিতে হবে। 06/10/2018 থেকে 12/10/2018 2:00 PM পর্যন্ত Website থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

**৬.৮** ভর্তি পরীক্ষার দিনে আবেদনকারীগণকে প্রত্যেক ইউনিটের জন্য ০২ **(দুই) কপি** প্রবেশপত্র **অবশ্যই** সঙ্গে নিয়ে আসতে হবে।

**৬.৯ তথ্য প্রাপ্তি:**

(ক) যে কোন মোবাইল ফোন থেকে SUST লিখে নিম্নলিখিত কী-ওয়ার্ডগুলো **16242** নম্বরে SMS করে (চার্জ প্রযোজ্য) ভর্তি পরীক্ষার বিভিন্ন তথ্য জানা যাবে:

**i)** DATE, FEES, REQDGPA, TOTALSEAT, KEYWORDS (এই কী-ওয়ার্ডগুলোর ক্ষেত্রে প্রযোজ্য একটি উদাহরণ: SUST<space>DATE)

**ii)** FORGOTROLL, BILLINFO (এই কী-ওয়ার্ডগুলোর ক্ষেত্রে প্রযোজ্য একটি উদাহরণ: SUST<space>BILLINFO<space><user id>)

**iii)** FORGOTPASS, STATUS, SEATPLAN, RESULT (এই কী-ওয়ার্ডগুলোর ক্ষেত্রে প্রযোজ্য একটি উদাহরণ: SUST<space>RESULT<space><user id / admission roll number>). উল্লেখ্য, Password হারিয়ে গেলে SUST<space>FORGOTPASS<space><user id / admission roll number> লিখে SMS করতে হবে। সেক্ষেত্রে sign up এর সময় প্রার্থী প্রদত্ত মোবাইল নম্বরে User ID এবং Password পাঠানো হবে।

**(খ) ভর্তি পরীক্ষা** সংক্রান্ত কোন বিষয়ে প্রশ্ন থাকলে **01555555001-4** হটলাইনে (সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত) অথবা Website এর মাধ্যমে যোগাযোগ করা যাবে।

**৭. আসন বিন্যাস:**

ভর্তি পরীক্ষার আসন বিন্যাস যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(**admission.sust.edu**)** প্রকাশ করা হবে। এ ছাড়াও যেকোন মোবাইল ফোন ব্যবহার করে **16242** নম্বরে SMS করে এ-সংক্রান্ত তথ্য জেনে নেয়া যাবে।

উদাহরণ: SUST<space>SEATPLAN<space><user id / admission roll number>

**৮. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়:**

| তারিখ | বার | A ইউনিট | B ইউনিট |
|---|---|---|---|
| ১৩ অক্টোবর ২০১৮ | শনিবার | সকাল ৯:৩০ মিঃ | বিকাল ২:৩০ মিঃ |

**৯. প্রশ্নপত্র:**

প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। তবে কোনো পরীক্ষার্থী যদি ইংরেজিতে প্রশ্নপত্র পেতে চায় তাকে আবেদন পত্রের নির্দিষ্ট জায়গা পূরণ করতে হবে ।

**১০. পরীক্ষা পদ্ধতি:**

**১০.১** ভর্তি পরীক্ষা সম্পূর্ণভাবে বহু নির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্যে ০.২০ নম্বর কাটা যাবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে OMR ফরম-এ উত্তর করতে হবে। পরীক্ষার হলে নির্দিষ্ট মডেলের ক্যালকুলেটর ব্যতীত মোবাইল ফোনসহ যাবতীয় ইলেক্ট্রনিক্স ডিভাইস সাথে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। ক্যালকুলেটরের মডেল admission.sust.edu/calculatormodels.pdf পেইজে পাওয়া যাবে।

**১০.২** আবেদনে ইচ্ছুক বিদেশী নাগরিক কিংবা বিদেশে অধ্যয়ন করা দেশী নাগরিকদের ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে admission.sust.edu ওয়েবসাইটের মাধ্যমে প্রয়োজনীয় কাগজ-পত্রের কপি মূল্যায়নের জন্য আপলোড করতে হবে। মূল্যায়নের পর তাদের সার্টিফিকেট ভর্তির যোগ্যতার মানদন্ডে সঠিক আছে কি-না তা জানানো হবে। যোগ্যতা অর্জনকারী বিদেশে অধ্যয়ন করা দেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। বিদেশী নাগরিকদের ভর্তির আবেদনের জন্য SAT Score ন্যূনতম ৮০০ থাকতে হবে। আবেদনকৃতদের মধ্য থেকে মেধার ভিত্তিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**১১. প্রার্থী বাছাই ও ভর্তি প্রক্রিয়া :**

**১১.১** A ইউনিটের বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা এবং B ইউনিটের Group-1 ও Group-2 এর জন্য ভিন্ন ভিন্ন মেধা তালিকা তৈরি করা হবে। মেধা তালিকার মোট নম্বরের মধ্যে ৭০% নম্বর আসবে ভর্তি পরীক্ষা থেকে এবং অবশিষ্ট ৩০% নম্বর আসবে এস.এস.সি বা সমমান ও এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফল থেকে। মেধা তালিকায় অন্তর্ভুক্তির জন্য সব মিলিয়ে ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে। কোটার ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য।

**১১.২** এস.এস.সি/ সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষার ফলাফল থেকে নম্বর প্রস্তুত করার জন্য নিয়মিতদের ক্ষেত্রে এস.এস.সি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ২ দিয়ে ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ৪ দিয়ে গুণ করে যোগ করা হবে। অনিয়মিতদের ক্ষেত্রে এস.এস.সি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ১.৮ দিয়ে ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেডকে ৩.৬ দিয়ে গুণ করে যোগ করা হবে।

**১১.৩** আর্কিটেকচার বিভাগে ভর্তিচ্ছু প্রার্থীকে ড্রয়িং ও স্থাপত্য বিষয়ক সাধারণ জ্ঞানের পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

**১১.৪** ইংরেজি বিভাগে ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ইংরেজিতে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে। অর্থনীতি বিভাগে ভর্তি হতে হলে মানবিক এবং বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষায় সাধারণ গণিতে কমপক্ষে ৪০% নম্বর পেতে হবে।

**১১.৫** ভর্তি পরীক্ষার ফলাফল ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে **(**admission.sust.edu**)** প্রকাশ করা হবে। ছাত্র–ছাত্রীরা যে-কোন মোবাইল ব্যবহার করে **16242** নম্বরে SMS করে এ-সংক্রান্ত তথ্য জেনে নিতে পারবে।

উদাহরণ: SUST<space>STATUS<space> <user id / admission roll number>

**১১.৬** একজন পরীক্ষার্থী মেধাতালিকা, বিষয়গত যোগ্যতা এবং পছন্দের ভিত্তিতে আসন থাকা সাপেক্ষে শুধু একটি বিভাগে ভর্তির সুযোগ পাবে।

**১১.৭** ভর্তির সময় সদ্য তোলা ৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, এস.এস.সি. বা সমমান ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার মূল মার্কশিট, প্রশংসাপত্র ও ভর্তির জন্য প্রয়োজনীয় টাকা সঙ্গে আনতে হবে। প্রতিটি সনদপত্র ও মার্কশিটের ২টি ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং ভর্তি শেষে এইচ.এস.সি./সমমান পরীক্ষার মূল মার্কশিটটি জমা রাখা হবে। সংরক্ষিত আসনে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

**১১.৮** প্রতিবন্ধী কোটায় প্রতিবন্ধীদের ধরন ও মাত্রা বিবেচনা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ জাতিসত্ত্বা/হরিজন-দলিত কোটায় স্ব স্ব জাতিগোষ্ঠী থেকে মেধার ভিত্তিতে ১ (এক) জন করে বিভাগসমূহের সুযোগ-সুবিধা বিবেচনা করে যাচাই-বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট কোটায় নির্ধারিত আসন খালি থাকলে পুনরায় মেধার ভিত্তিতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/জাতিসত্ত্বা/হরিজন দলিত কোটায় ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

**১১.৯** ভর্তি পরীক্ষার আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল হয়ে যাবে। ভর্তির পরে আবেদনপত্রে কোন ভুল/ মিথ্যা তথ্য ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।